

জয়-মোয়া-গ্রন্থ

নিজস্ব প্রতিবেদন। জয়নগরের আসল মোয়া চিনতে বইমেলায় মিলছে মোয়ার ইতিহাস নিয়ে বই। 'জয়নগরের মোয়া' ২০১৫ সালের মার্চ মাসে জেনেভা থেকে জিআই বা জিওগ্রাফিক্যাল আইডেন্টিফিকেশন লাভ করেছে। প্রসঙ্গত এটাই প্রথম বাঙালি মিস্ত্রি যা বিশ্বের দরবারে জিআই পেল। এর পেছনে রয়েছে জয়নগর মোয়া নির্মানকারি সোসাইটি নামের একটি সংস্থা। 'জয়নগর মোয়া' বইটির সম্পাদক অশোক কুমার কয়াল। ইংরেজি ও বাংলা দুটি ভাষাতেই প্রবন্ধ ও ভিন্ন স্বাদের রচনা স্থান পেয়েছে বইটিতে। খেঁজুর গাছের চাষ, নলেনগুড়ের উৎপাদন। কনকচূড় ধানের চাষ ইত্যাদি বিষয় নিয়ে এখানে আলোচনা রয়েছে। তাছাড়া জয়নগরের মোয়ার ঐতিহ্য নিয়ে বাংলায় প্রবন্ধ রয়েছে এই গ্রন্থে।